# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২৫. স্বভাবজাত সুন্নাত বলতে কী বুঝায়? (১.৫ স্বভাবজাত সুন্নাত)

মানুষের কয়েকটি স্বভাবজাত সুন্নাত রয়েছে, যেগুলো পূর্ববর্তী নবীগণেরও ছিল। এখানে স্বভাবজাত সুন্নাতসমূহ অর্থাৎ সুনানুল ফিত্রাত-এর সংক্ষিপ্ত আলোচনা পেশ করা হলো: আবু হোরায়রা (রা) থেকে বর্ণিত রাসূলুল্লাহ (স) বলেছেন,

ফিতরাত (অর্থাৎ স্বভাব) পাঁচটি অথবা বলেছেন, পাঁচটি কাজ (মানুষের) ফিতরাতের অন্তর্ভুক্ত, আর তা হলো:
১. খাতনা করা,
২. নাভির নিচের লোম পরিষ্কার করা,
৩. নখ কাটা,
৪. বগলের লোম উপড়িয়ে ফেলা এবং
৫ মোচ খাটো করা।' (বুখারী: ৫৮৮৯, মুসলিম: ২৫৭)

সহীহ মুসলিমের অন্য এক হাদীসে এসেছে, সুনানুল ফিতরা হলো ১০টি:
১. মোচ খাটো করা
২. দাড়ি লম্বা করা
৩. মিসওয়াক করা
৪. নাকে পানি টেনে নিয়ে ঝাড়া দেওয়া
৫. নখ কাটা
৬. আঙ্গুলের গিরাসমূহ ধোয়া
৭. বগলের পশম উপড়ে ফেলা
৮. নাভির নিচের পশম মুণ্ডন করা
৯. পানি দ্বারা ইস্তিঞ্জা করা
১০. হাদীস বর্ণনাকারী মুসআব (রা) বলেন, দশমটি আমি ভুলে গেছি। তবে সম্ভবত এটি 'কুলি' করা (মুসলিম: ২৬১, পবিত্রতা পর্ব)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12757

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন